Online copy

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর ৬/প্রস/-/৭৯২ তারিখ ০৯/১২/২০২০

প্রেরক ঃ চেয়ারম্যান
**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড**
রাজশাহী

**প্রাপক ঃ সচিব**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
**শিক্ষা মন্ত্রণালয়**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**দৃষ্টি আকর্ষণ ঃ** উপসচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
**বেসরকারি মাধ্যমিক-১**
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**বিষয় ঃ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে চাহিদা মোতাবেক পরিদর্শন প্রতিবেদন** প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৬.১৭(অংশ)-১০৪ তারিখ ঃ ১৮/০২/২০২০ খ্রিঃ

**উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন "শোলাগাড়ী আদর্শ নিম্ন** মাধ্যমিক বিদ্যালয়"-এর মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে রাজশাহী শিক্ষা বোর্ডের বিদ্যালয় **পরিদর্শক সরেজমিন বিদ্যালয়টি পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনের ছকে প্রদত্ত তথ্যাদির আলোকে** প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তা অগ্রায়ন করা হলো।

৯.১২.২০২০

**(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)**
আই ডি নং- ৪৩৫৪
**চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
**রাজশাহী**
ফোন ঃ ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।
## মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি
### পরিদর্শন প্রতিবেদন

১। প্রতিষ্ঠানের **EIIN** ঃ ১১৯৮১৪

**২। প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ শোলাগাড়ী আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়**

ডাকঘর- কিচক, উপজেলা- শিবগঞ্জ, জেলা- বগুড়া

**৩। নিম্ন মাধ্যমিক (৮ম শ্রেণি) পর্যায়ে পাঠদান অনুমতির তারিখ ঃ ০১/০১/২০০২ খ্রিঃ**

৪। নিম্ন মাধ্যমিক (৮ম শ্রেণি) পর্যায়ে একাডেমিক স্বীকৃতির তারিখ ঃ ০১/০১/২০০৫ খ্রিঃ

**৫। ৯ম শ্রেণির পাঠদানের অনুমতির তারিখ : আবেদন করা হচ্ছে**

৬। চেয়ারম্যান মহোদয়ের আদেশের তারিখ ঃ ১১/০৩/২০২০ খ্রিঃ

**৭। বর্তমান পরিদর্শনের তারিখ ঃ ১৪/০৩/২০২০ খ্রিঃ**

৮। পরিদর্শনের উদ্দেশ্য ঃ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের যথার্থতা যাচাই।

| ক্রমিক নং | পূরণীয় শর্ত | বর্তমান অবস্থা | মন্তব্য শর্তপূরণকৃত/অপূরণকৃত |
|---|---|---|---|
| ৯। | প্রতিষ্ঠান হইতে প্রতিষ্ঠানের দূরত্ব<br>মাধ্যমিক পৌরঃ ১ কিঃ মিঃ<br>মফস্বল- ৪ কিঃ মিঃ | উত্তরে ঃ পানিতলা উচ্চ বিদ্যালয়- ০৪ কিঃ মিঃ<br>দক্ষিণে ঃ কিচক উচ্চ বিদ্যালয়- ০৪ কিঃ মিঃ<br>পূর্বে ঃ বাকসন উচ্চ বিদ্যালয়- ০৩ কিঃ মিঃ<br>পশ্চিমে ঃ বাসুরিয়া উচ্চ বিদ্যালয়- ০৪ কিঃ মিঃ<br>উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, বগুড়া-এর সনদ মূলে, তারিখ- ৩১/০৮/২০২০ ইং | শর্ত পূরণকৃত |
| ১০। | প্রতিষ্ঠান এলাকার জনসংখ্যা<br>মাধ্যমিক নূন্যতম- ১০,০০০ হাজার | ২০১১ সালের আদমশুমারী অনুযায়ী বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার জনসংখ্যা- ৩,৭৮,৭০০ জন। শিবগঞ্জ উপজেলায় মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা- ৪২ টি, প্রাপ্যতা- ৩৮ টি, অতিরিক্ত- ০৪ টি। | শর্ত অপূরণকৃত |
| ১১। | নূন্যতম শিক্ষার্থীর সংখ্যা<br>মাধ্যমিক- ১৫০ জন | ৬ষ্ঠ শ্রেণি- ৮৭ জন - উপস্থিত - ৭৮ জন<br>৭ম শ্রেণি- ৫৯ জন - উপস্থিত - ৫২ জন<br>৮ম শ্রেণি- ৭০ জন - উপস্থিত - ৬৫ জন<br>সর্বমোট - ২১৬ জন - উপস্থিত - ১৯৫ জন | শর্ত পূরণকৃত |
| ১২। | নিজস্ব জমির পরিমাণ<br>মাধ্যমিক- মেট্রো এলাকা- ০২৫ শতক<br>পৌর এলাকা- ০৫০ শতক<br>মফস্বল এলাকায়- ০৭৫ শতক | মোট জমির পরিমাণ- .৭০ শতক।<br>হাল নাগাদ খাজনা পরিশোধ আছে। | শর্ত অনুযায়ী ৭৫ শতক জমি থাকার কথা। বিদ্যালয়ের নামে খারিজকৃত জমির পরিমাণ ৭০ শতক। |
| ১৩। | বিদ্যালয় ভবন/নিজস্ব ঘর<br>ছাত্র/ছাত্রী প্রতি- ১ বঃ মিঃ<br>পাকা/আধাপাকা/টিনসেড ভবন | বিদ্যালয় ভবনের বিবরণ :<br>পাকা ভবন- ০১ টি<br>আধাপাকা ভবন- ০১ টি<br>মোট কক্ষ সংখ্যা- ০৭ টি | শর্ত পূরণকৃত |
| ১৪। | শিক্ষক কর্মচারীর সংখ্যা-<br>অনুমোদিত ষ্টাফিং প্যাটার্ণ অনুযায়ী যোগ্যতা সম্পন্ন | শিক্ষক/শিক্ষকা = ০৬ জন<br>কর্মচারী = ০৩ জন<br>মোট = ০৯ জন | শর্ত পূরণকৃত |

**এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।**

০৮/১২/2020

অপর পাতায় ...........

১৫। বিদ্যালয়ের মোট শিক্ষক ও কর্মচারীর পূর্ণ বিবরণ :

| ক্রঃ নং | শিক্ষক/কর্মচারীদের নাম ও পদবী | শিক্ষাগত যোগ্যতা | যোগদানের তারিখ | নিয়োগের তারিখ | N.T.R.CA- এর সনদপ্রাপ্ত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মোঃ রোস্তম আলী<br>প্রধান শিক্ষক | এস.এস.সি-২য়-১৯৯৫ ইং<br>এইচ.এস.সি-২য়-১৯৯৮ ইং<br>বি.এ (পাস)-২য়-২০০০ ইং<br>বি.এড-২য়-২০০৬ ইং | ০১/০২/২০০৩ | ৩০/০১/২০০৩ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ২। | মোঃ মিজানুর রহমান<br>সহকারী শিক্ষক<br>(সমাজ বিজ্ঞান) | এস.এস.সি-১ম-১৯৯৫ ইং<br>এইচ.এস.সি-২য়-১৯৯৭ ইং<br>বি.এ-২য়-২০০০ ইং<br>বি.এড-২য়-২০০৯ ইং | ০১/০২/২০০৩ | ৩০/০১/২০০৩ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৩। | মোঃ আব্দুস সামাদ<br>সহকারী শিক্ষক<br>(গণিত) | এস.এস.সি-২য়-১৯৯৬ ইং<br>এইচ.এস.সি-২য়-১৯৯৮ ইং<br>বি.এ-২য়-২০০১ ইং<br>বি.এড-৩.৪০-২০০৯ ইং | ০১/০২/২০০৩ | ৩০/০১/২০০৩ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৪। | মোঃ গোলাম ছারোয়ার<br>সহকারী শিক্ষক<br>(ইসলাম ধর্ম) | দাখিল-২য়-১৯৯৬ ইং<br>আলিম-২য়-১৯৯৮ ইং<br>ফাজিল-২য়-২০০০ ইং<br>কামিল-২য়-২০০২ ইং | ০১/০২/২০০৩ | ৩০/০১/২০০৩ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৫। | মোঃ আবু বক্কর ছিদ্দিক<br>মন্ডল<br>সহকারী শিক্ষক (কৃষি) | এস.এস.সি-১ম-২০০০ ইং<br>কৃষি ডিপ্লোমা-২য়-২০০৭ ইং | ০৩/০৩/২০০৫ | ০২/০৩/২০০৫ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৬। | মোঃ দেলোয়ার হোসেন<br>সহকারী শিক্ষক<br>(ইংরেজি) | এস.এস.সি-২য়-১৯৯৩ ইং<br>এইচ.এস.সি-২য়-১৯৯৮ ইং<br>বি.এ-২য়-২০০০ ইং | ০৩/০৩/২০০৫ | ০২/০৩/২০০৫ | প্রজ্ঞাপন জারীর পূর্বে নিয়োগপ্রাপ্ত। | |
| ৭। | মোঃ মাছুম রহমান<br>নিম্নমান সহকারী কাম<br>কম্পিউটার অপারেটর | এস.এস.সি-৩.৬৩-২০০১ ইং<br>এইচ.এস.সি-২.০০-২০০৫ ইং | ২৫/০১/২০১১ | ২৪/০১/২০১১ | প্রযোজ্য নয় | |
| ৮। | মোঃ সাইদুর রহমান<br>নিরাপত্তাকর্মী (দপ্তরী) | জে.এস.সি-৩.২১-২০১১ ইং<br>এস.এস.সি-৪.৫০-২০১৪ ইং | ০১/০৮/২০১৯ | ২৪/০৭/২০১৯ | প্রযোজ্য নয় | |
| ৯। | মোঃ বেলাল হোসেন<br>নৈশ প্রহরী | অষ্টম শ্রেণি পাস- ১৯৮৮ ইং | ০৩/০৩/২০০৫ | ০২/০৩/২০০৫ | প্রযোজ্য নয় | |

**এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের www.rajshahieducationboard.gov.bd ওয়েব সাইটে দেয়া হয়েছে।**

স্বাঃ ০৬/১২/২০২০

অপর পাতায় ..........

| | | | |
|---|---|---|---|
| ১৬। | লাইব্রেরী<br>মাধ্যমিক নূন্যতম- ২০০০ বই<br>বিজ্ঞানাগার | পৃথক লাইব্রেরী নাই, বই আছে।<br>পৃথক বিজ্ঞানাগার নাই। | শর্ত আংশিক পূরণকৃত |
| ১৭। | তহবিল- নূন্যতম<br>মাধ্যমিক- সংরক্ষিত- ৫০,০০০/-<br>সাধারণ- ৩০,০০০/- | ১। সংরক্ষিত তহবিল ঃ ৫০,০০০/-<br>সোনালী ব্যাংক লিঃ, শিবগঞ্জ শাখা, বগুড়া<br>এফ.ডি.আর নং- ০৭২৩৮৬৭<br>২। সাধারণ তহবিল ঃ ৩২,১৭৪/-<br>সোনালী ব্যাংক লিঃ, শিবগঞ্জ শাখা, বগুড়া<br>এস.বি নং- ১০০০৫৩৯৪৫ | শর্ত পূরণকৃত |
| ১৮। | ব্যক্তিনামে নামকরণ<br>নিম্ন মাধ্যমিক- ৬,০০,০০০/- টাকা<br>মাধ্যমিক- ১০,০০,০০০/- টাকা | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |
| ১৯। | পাঠক্রম<br>জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠক্রম অনুসরণ করতে হবে। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারী নির্দেশ অনুযায়ী নির্ধারিত পাঠক্রম অনুসরণ করা হয়। | শর্ত পূরণকৃত |
| ২০। | সহ পাঠ্যক্রমিক কার্যক্রম<br>বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপন, স্কাউট/গার্লস গাইড। | বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। | শর্ত পূরণকৃত |
| ২১। | শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা | উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল কর্তৃক অনুমোদিত ম্যানেজিং কমিটি আছে। | শর্ত পূরণকৃত |

২২। বিগত ০৩ (তিন) বৎসরের জে.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ ও ফলাফল ঃ

২০১৭ সালে জে.এস.সি পরীক্ষায় ৭৬ জন অংশ গ্রহণ করে ৭৫ জন পাশ করেছে, পাশের হার- ৯৮.৬৮%।
২০১৮ সালে জে.এস.সি পরীক্ষায় ৬৯ জন অংশ গ্রহণ করে ৬৯ জন পাশ করেছে, পাশের হার- ১০০%।
২০১৯ সালে জে.এস.সি পরীক্ষায় ৬৯ জন অংশ গ্রহণ করে ৬৭ জন পাশ করেছে, পাশের হার- ৯৭.১০%।

২৩। বিগত ০৩ (তিন) বৎসরের এস.এস.সি পরীক্ষায় অংশগ্রহণ ও ফলাফল ঃ

মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি না থাকায় এই বিদ্যালয়ের শিক্ষার্থীরা পাঠদানের অনুমতিপ্রাপ্ত অন্য বিদ্যালয় হতে রেজিষ্ট্রেশন করে এস.এস.সি পরীক্ষায় অংশ নিয়ে থাকে।

**মন্তব্য ঃ** শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৬.১৭(অংশ)-১০৪ তারিখ : ১৮/০২/২০২০ খ্রিঃ মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ১১/০৩/২০২০ খ্রিঃ তারিখের আদেশে বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলাধীন "শোলাগাড়ী আদর্শ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে" মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে গত ১৪/০৩/২০২০ খ্রিঃ তারিখ সরেজমিন প্রতিষ্ঠানটি পরিদর্শন করা হয়। বিদ্যালয়টি শিবগঞ্জ উপজেলার কিচক ইউনিয়নে অবস্থিত। পরিদর্শনের সময় দেখা যায় প্রতিষ্ঠানটির ভৌত অবকাঠামো, শিক্ষক/শিক্ষিকা ও শিক্ষার্থীর উপস্থিতি সন্তোষজনক। মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি না থাকায় উক্ত বিদ্যালয়ের শিক্ষার্থীরা পার্শ্ববর্তী বিদ্যালয় থেকে রেজিষ্ট্রেশন করে এস.এস.সি পরীক্ষায় অংশ নেয়। বিদ্যালয়টির মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলে ঐ এলাকার দরিদ্র ছাত্র-ছাত্রীরা উক্ত বিদ্যালয় থেকে এস.এস.সি পরীক্ষায় অংশ নিতে পারবে। প্রতিষ্ঠানটি মফস্বল এলাকায় অবস্থিত। এলাকার জনগোষ্ঠীর দরিদ্র কর্মজীবীর সন্তানরা এখানে লেখাপড়া করছে এবং শিক্ষার পরিবেশ ভাল। সংশ্লিষ্ট এলাকার দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়টি নিরলস প্রচেষ্টা চালিয়ে আসছে। পাঠদানের অনুমতি পেলে অত্র এলাকার দরিদ্র জনগোষ্ঠীর সকল শ্রেণি পেশার শিক্ষার্থীরা উপকৃত হবে এবং শিক্ষার প্রসার ঘটবে। বিদ্যালয়ে সংরক্ষিত ও সাধারণ তহবিলে প্রয়োজনমত অর্থ আছে। বিগত ০৩ (তিন) বছরের জে.এস.সি পরীক্ষায় পাশের হার সন্তোষজনক। শিক্ষার হার সম্প্রসারণের লক্ষ্যে বিদ্যালয়ের মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতির প্রয়োজনীয়তা রয়েছে বলে প্রতীয়মান হয়। প্রসঙ্গত উল্লেখ্য কিচক ইউনিয়নে "কিচক উচ্চ বিদ্যালয়" নামে মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিপ্রাপ্ত একটি মাত্র বিদ্যালয় রয়েছে।

এমতাবস্থায়, ছকে প্রদত্ত তথ্যের আলোকে উল্লিখিত বিদ্যালয়টির মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন পরবর্তী নির্দেশনার জন্য প্রেরিত হলো।

স্বা. ০৬/১২/২০২০

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
আই ডি নং- ৮৬০১
বিদ্যালয় পরিদর্শক
**মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী।**

এই পরিদর্শন প্রতিবেদনটি রাজশাহী শিক্ষা বোর্ডের **www.rajshahieducationboard.gov.bd** ওয়েব সাইটে দেয়া হয়েছে।